দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 20 AUGUST 2025 , WEDNESDAY | ২০ আগস্ট ২০২৫ , বুধবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-368

## ২৬ হাজার চাকরি বাতিল মামলায় রিভিউ পিটিশন খারিজ সুপ্রিম কোর্টে



এই যুগ ,দিল্লি ,১৯ আগস্ট : এসএসসির প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি বাতিল সংক্রান্ত রায় পুনর্বিবেচনার আর্জি জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়েছিল পশ্চিমবঙ্গ সরকার। মঙ্গলবার এই আবেদন চাকরি বাতিল সংক্রান্ত রায় পুনর্বিবেচনার আর্জি ও খারিজ করে দিল সুপ্রিম কোর্ট। রাজ্য সরকার ,এসএসসি , মধ্যশিক্ষা পর্ষদের পাশাপাশি বেশ কয়েকজন মামলাকারী আলাদা আলাদা ভাবে যতগুলি রিভিউ পিটিশন ফাইল করেছিলেন, সেই সবগুলো এ দিন সুপ্রিম একই সঙ্গে সুপ্রিম কোর্ট খারিজ করল।এদিনের রায়ের ফলে প্রায় ২৬ হাজার শিক্ষক এবং শিক্ষাকর্মীরা ভবিষ্যৎ নিয়ে চিন্তিত । ২০২৫ সালের ৩ এপ্রিলের রায় পুনরায় উল্লেখ করে সুপ্রিম কোর্টের বিচারপতিরা এদিন জানান, গোটা নিয়োগ প্রক্রিয়ার সঙ্গেই আপস করা হয়েছে। নিয়োগ প্রক্রিয়ার পবিত্রতা বজায় রাখতেই পুরো প্যানেল বাতিলের নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট।এই নিয়োগ দুর্নীতির মামলার মূল রায়ে এসএসসি, পর্ষদ–সহ সংশ্লিষ্ট বিভিন্ন কর্তৃপক্ষের ভূমিকা নিয়েও বেশ কিছু তির্যক মন্তব্য করেছিল সুপ্রিম কোর্ট। সেই মন্তব্যগুলি যাতে পুনর্বিবেচনা করা হয়, সেই জন্যও রাজ্যের তরফে এদিন রিভিউ পিটিশনে আবেদন জানানো হয়। কিন্তু তাতেও এ দিন কোনরকম সাড়া দেয়নি সর্বোচ্চ আদালত।আবেদনের প্রেক্ষিতে আদালতের পর্যবেক্ষণ, রিভিউ পিটিশনের মাধ্যমে মামলাটির ফের শুনানির দাবি মেনে নেওয়া যাবে না।এর ফলে আগের এসএসসির চাকরি বাতিল সংক্রান্ত রায়ই বহাল থাকল।এদিনের রায়ে চিন্তায় চাকরি হারারা । তাদের মতে আর তো চাকরি বাঁচানোর উপায় আছে কি , এর পর তাদের কি হবে।

## আলিপুরদুয়ার জেলা সংশোধনাগার পরিদর্শনে জাতীয় মহিলা কমিশনের সদস্যা



মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ আগস্ট : আলিপুরদুয়ার জেলা সংশোধনাগার পরিদর্শন করলেন জাতীয় মহিলা কমিশনের সদস্যা অর্চনা মজুমদার এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে মঙ্গলবার বিকেল পাঁচটা নাগাদ। সংশোধনাগার পরিদর্শন করে তিনি জানিয়েছেন ২৫ জন মহিলা থাকার কথা সংশোধনাগারে কিন্তু সেখানে ৩০ জন রয়েছে তবে তাদের কোন অসুবিধা নেই। পাঁচজন শিশুর রয়েছে। বিচারাধীন ব্যক্তিদের এখানে রাখা হয়েছে। এদিন বেশকিছু বিল্ডিং ও পরিদর্শন করেছেন। উল্লেখ্য জাতীয় মহিলা কমিশনের সদস্যা এদিন আলিপুরদুয়ার জেলার বিভিন্ন প্রান্তে ঘুরে আলিপুরদুয়ার জেলা শহরে সংশোধনাগার পরিদর্শন করেছেন।

## চা শ্রমিকদের সমস্যা শুনলেন জাতীয় মহিলা কমিশনের সদস্য



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,১৯ আগস্ট : মহিলা চা শ্রমিকদের থেকে বিভিন্ন সমস্যা শুনে রীতিমতো ক্ষোভ উগড়ে দিল জাতীয় মহিলা কমিশনের সদস্য অর্চনা মজুমদার। এদিন কালচিনি, দলসিংপাড়া, মধু, মাঝেরডাবড়ী সহ একাধিক চা বাগানের মহিলা শ্রমিকদের সাথে কথা বলেন জাতীয় মহিলা কমিশনের সদস্য। কালচিনি চা বাগানে ফ্যাক্টরিতে যান এবং সেখানে কর্মরত মহিলা চা শ্রমিকদের সাথে কথা বলেন জাতীয় মহিলা কমিশনের সদস্য।এদিন মহিলা চা শ্রমিকরা একাধিক সমস্যা কথা তুলে ধরে। যেমন রেশনের গুণগত মান ভালো না। রেশন থেকে যে চাল আটা প্রদান করা হচ্ছে সেগুলো গুণগত ভালো নয়। এছাড়া চা শ্রমিকদের বেতন থেকে পিএফ বাবদ টাকা কাটা হলেও সেগুলো জমা হচ্ছেনা। এছাড়া কালচিনি চা বাগানে গর্ভবতী মহিলা চা শ্রমিকদের মাতৃত্ব কালীন ছুটি মিলছে না । এই সমস্ত সমস্যা সহ একাধিক অভিযোগ মহিলা চা শ্রমিকরা তুলে ধরেন। এই বিষয়ে জাতীয় মহিলা কমিশনের সদস্য অর্চনা মজুমদার জানান চা বাগানের মহিলা শ্রমিকরা বঞ্চিত, প্রতারিত এদের যে রেশন দেওয়া হচ্ছে সেগুলো খুবই খারাপ পশু পাখী খায়না। এছাড়া এদের বেতন থেকে পিএফ বাবদ টাকা কাটা হচ্ছে কিন্ত জমা হচ্ছেনা। অধিকাংশ চা শ্রমিকদের বাড়ির অবস্থা খারাপ কিন্ত আবাস যোজনার বাড়ি এরা পাচ্ছে না এমন নানবিধ সমস্যা আছে এই সমস্ত বিষয়ে যেখানে বলার আমরা বলবো।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সিসিটিভি বসানো নিয়ে রাজ্য সরকারের সিদ্ধান্ত জানতে চাইল হাইকোর্ট



এই যুগ , কলকাতা, ১৯ আগস্ট : কলকাতার যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে নিরাপত্তা জোরদার করতে ৫০টি জায়গায় ৭০টি সিসিটিভি ক্যামেরা বসানোর সিদ্ধান্ত নিয়েছিল সর্বোচ্চ নীতি নির্ধারক সংস্থা এগজিকিউটিভ কাউন্সিল । সিসিটিভি ক্যামেরা বসানোর জন্য পশ্চিমবঙ্গ সরকারের কাছে ৬৮ লক্ষ টাকা চেয়েছিলেন যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। সিসিটিভি সংক্রান্ত টাকা দেওয়ার বিষয়ে কী সিদ্ধান্ত নেওয়া হয়েছে রাজ্য সরকারের তরফে , তা আগামী ১৫ দিনের মধ্যে জানানোর নির্দেশ দিল কলকাতা হাই কোর্ট। আজ মঙ্গলবার বিচারপতি সুজয় পাল ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ এই নির্দেশ দিয়েছেন । রাজ্য সরকার নয়, যাদবপুর বিশ্ববিদ্যালয়কেও এই নিরাপত্তা সংক্রান্ত তথ্য হাইকোর্টে জমা দিতে হবে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কোন কোন জায়গায় সিসিটিভি ক্যামেরা বসানো হচ্ছে সেই ব্যাপারেও আদালতকে জানাতে হবে । যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সিসিটিভি ক্যামেরা বসানো নিয়ে বিশেষজ্ঞদের মতামত নেওয়ারও পরামর্শ দিয়েছে কলকাতা হাই কোর্ট।

# ব্রাউন সুগার পাচারে গ্রেফতার এক ব্যক্তি




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ আগস্ট : একের পর এক অভিযানে ফালাকাটা থানার পুলিশ সাফল্য অর্জন করছে। মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে লাগাতার অভিযান চলছে পুলিশের পক্ষ থেকে। ব্রাউন সুগার পাচারের দায়ে গ্রেফতার করা হয়েছে ফালাকাটা এলাকা থেকে ইমরান আলী নামে এক ব্যক্তিকে। আলিপুরদুয়ার জেলা আদালত থেকে তাকে চার দিনের পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে জানিয়েছেন ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য মঙ্গলবার বিকেল সাড়ে পাঁচটা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে গোপন খবরের ভিত্তিতে ফালাকাটা থানার সাব ইন্সপেক্টর শুভজিৎ রায় এবং এ এস আই তাপস রায়ের নেতৃত্বে ফালাকাটা ধুপগুড়ি মোড় এলাকা থেকে ৯৪ গ্রাম ব্রাউন সুগার সহ গ্রেপ্তার করা হয়েছিল ইমরান আলীকে। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা শুরু করেছে পুলিশ। মঙ্গলবার তাকে জিজ্ঞাসাবাদ এর জন্য পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।

# বেসরকারি স্কুলের শিক্ষিকাকে মুখে চাপা দিয়ে মারার চেষ্টা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ আগস্ট : ভাইঝিকে মুখে চাপা দিয়ে মারার চেষ্টা করেছিল কাকা। সম্পত্তি আত্মসাৎ এর জন্য এমনটা করা হয়েছে। অভিযুক্ত কাকা কাকিমা বাড়ি ছেড়ে পালিয়েছে গ্রামবাসীরা একত্রিত হয়ে যুবতীর পাশে দাঁড়িয়েছে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে ডুয়ার্সের আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের কয়াখাতা গ্রামে। ঘটনার তদন্ত নেমেছে শামুকতলা থানার পুলিশ।এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে শৈলেশ সূত্রধর মায়াকে তাদের পালিত মেয়ে হিসেবেই পালন করছে ছোট থেকেই। বেশ কিছুদিন আগে শৈলেশ সূত্রধর এবং তার স্ত্রী মারা যাওয়ার পর তার ভাই শংকর সূত্রধর মায়ার দায়িত্বভার গ্রহণ করে। এমনকি মায়ার নামে থাকা সম্পত্তি বিক্রি করে নিজের হেফাজতে নেয়। বর্তমানে মায়ার বয়স ১৯ বছর। স্নাতক স্তরে পড়ছে মায়া আলিপুরদুয়ারে। পড়াশোনার পাশাপাশি নিজের হাত খরচের জন্য সলসলাবাড়ী একটি বেসরকারি স্কুলে শিক্ষিকার কাজ করে। দীর্ঘদিন যাবত মায়ার উপর অত্যাচার করছে তার কাকা শংকর সূত্রধর সহ তার স্ত্রী। গত এক মাস ধরে নির্যাতনের মাত্রা চরমে পৌঁছেছে। গত রবিবার রাতে মায়াকে মারধরের পাশাপাশি তাকে প্রাণে মারার চেষ্টা করে তার কাকা এবং কাকিমা তার নিজের বাড়িতেই দরজা বন্ধ করে। তার চিৎকারে পাড়া প্রতিবেশী এক গৃহবধূ ছুটে এসে কোনোভাবে তার জীবন বাঁচান। রবিবার রাতেই তাকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে চিকিৎসার জন্য। সোমবার রাতে হাসপাতাল থেকে তাকে সরানোর চেষ্টা করে তার কাকা কাকিমা। রাত থেকেই তার কাকা কাকিমা গা ঢাকা দিয়েছে। এদিকে শংকর সূত্রধরের বিরুদ্ধে শামুকতলা থানায় অভিযোগ দায়ের করেছেন তার ভাই মধু সূত্রধর। অভিযোগের পরিপ্রেক্ষিতে পুলিশ ঘটনার তদন্ত করতে ওই এলাকায় যায়। রীতিমতো গ্রামবাসীরা এক জোট হয়ে স্লোগান দিতে থাকে অবিলম্বে শংকর সূত্রধরের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নিতে হবে। যুবতী মায়া সূত্রধরের কথা বলার মত কোন পরিস্থিতি নেই ।তবুও তার নির্যাতনের কথা জানালো। মঙ্গলবার বিকেল তিনটা নাগাদ মায়া সূত্রধর কে আবার চিকিৎসার জন্য ডাক্তারের কাছে নিয়ে যাওয়া হয়েছে। অভিযুক্ত শংকর সূত্রধর গা ঢাকা দিয়েছে। তাকে কি পুলিশ গ্রেফতার করতে পারবে বড় প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে আমজনতার কাছে।

# অজানা জ্বরে আক্রান্ত রোগীর লম্বা লাইন হাসপাতালে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ আগস্ট : রেকর্ড পরিমাণ ভিড় যশোডাঙ্গা গ্রামীণ হাসপাতালে। রোগীদের পরিষেবা দিতে বহির্বিভাগে বসলেন দুজন চিকিৎসক এমনটাই দেখা গেল গ্রামীণ হাসপাতালে গিয়ে মঙ্গলবার বেলা দুটো নাগাদ। চিকিৎসক প্রণব মন্ডলের কাছ থেকে জানা গেছে সোমবার ৪২১ জন রোগী দেখেছেন বহির্বিভাগে । তার মধ্যে অধিকাংশই অজানা জ্বরে আক্রান্ত রোগী। সোমবার ৪২১ জন রোগী দেখার পর কোনরকম ঝুঁকি নিতে চাইছেন না হাসপাতাল কর্তৃপক্ষ। মঙ্গল বারেও রোগীর সংখ্যা প্রায় ৪০০ দাঁড়িয়েছে। টিকিট কাউন্টার খোলার আগে থেকেই লম্বা লাইন হয় রোগীদের। বহির্বিভাগেও লম্বা লাইন দেখা যায় রোগীদের। রোগীদের সঙ্গে কথা বলে জানা গেছে অধিকাংশ রোগী জ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে এসেছেন চিকিৎসার জন্য। গত কয়েকদিনে ম্যালেরিয়া আক্রান্ত রোগীর সংখ্যা পাওয়া যায়নি তবে ভাইরাল ফিভারে আক্রান্ত রোগীর সংখ্যা দিনের পর দিন বেড়েই চলেছে। ডক্টর মন্ডল জানিয়েছেন রোগীদের লম্বা লাইন হচ্ছে প্রতিনিয়ত। ব্লকের বিভিন্ন প্রান্ত থেকে অজানা জ্বরে আক্রান্ত রোগীরা আসছেন। তবে এই জ্বর সাধারণত ৩-৪ দিন লাগে কমতে।

# ১৩ নম্বর ওয়ার্ডে পাকা রাস্তার কাজ শুরু হয়েছে



মলয় দেবনাথ, এই যুগ, আলিপুরদুয়ার, ১৯ আগস্ট : আলিপুরদুয়ার জেলা হাসপাতালে যাতায়াতের সুবিধার্থে ৪৫০ মিটার রাস্তার কাজ শুরু হয়েছে আলিপুরদুয়ার ১৩ নম্বর ওয়ার্ডে এমনটাই জানিয়েছেন পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর মঙ্গলবার বিকেল পাঁচটা টাকা। এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি তারা বাস্তবায়িত করতে পেরেছেন। যদিও পৌরসভার চেয়ারম্যান জানিয়েছেন সোমবার রাত থেকেই তারা কাজ শুরু করেছেন কারণ রাতের বেলা কাজ করা খুব সহজ ব্যস্ততম রাস্তা । যত তাড়াতাড়ি সম্ভব রাস্তার কাজ তারা শেষ করবেন। এদিন পৌরসভার চেয়ারম্যানের সঙ্গে পৌরসভার অন্যান্য কাউন্সিলার উপস্থিত ছিলেন।

# প্রাথমিক স্কুলের শিক্ষকের বিরুদ্ধে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার, ১৯ আগস্ট :দিনের পর দিন স্কুলে শিক্ষক আসছেন না আর এর ফলে বিপাকে পড়েছেন স্কুলের অন্যান্য শিক্ষকরা। মঙ্গলবার বিকেল তিনটা নাগাদ কয়াখাতা আর আর প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা গেল শিক্ষক রণজিৎ সরকার স্কুলে আসেন নি। প্রধান শিক্ষক তার হাজিরা খাতায় অনুপস্থিত করে রেখেছেন। এর আগেও ৫ই জুন থেকে ১৬ জুলাই পর্যন্ত তিনি স্কুলে আসেননি কোনরকম সরকারি অনুমতি না নিয়েই। আজ উনিশে আগস্ট আজকেও তার দেখা পাওয়া যায়নি স্কুলে। স্কুলে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৮৩ জন। শিশু থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত ছয়টি ক্লাসে শিক্ষক সংখ্যা দরকার ৬ জন। এর মধ্যে স্কুলের শিক্ষকের সংখ্যা পাঁচজন। একজন ট্রেনিং করতে চলে গেছেন এক বছরের জন্য। ফলে শিক্ষক সংখ্যা চারজন। এরমধ্যে এক শিক্ষক রনজিৎ সরকার সঠিকভাবে স্কুলে আসছেন না। পড়াশোনা ব্যাঘাত ঘটছে ছাত্র-ছাত্রীদের যদিও বিষয়টি জানা আছে ডিপিএসসি চেয়ারম্যান পরিতোষ বর্মন থেকে শুরু করে অবর বিদ্যালয় পরিদর্শকের। যদিও স্কুলের শিক্ষক রঞ্জিত সরকার জানিয়েছেন তিনি মঙ্গলবার স্কুলে আসতে পারবেন না সেটা প্রধান শিক্ষককে আগেই জানানো হয়েছে। তবে অভিভাবক মহল থেকে জানা গেছে দিনের পর দিন স্কুলে শিক্ষক সঠিকভাবে আসছে না। প্রশাসনিক কর্তারা সবকিছু জেনেও কোন ব্যবস্থা গ্রহণ করছেন না ছাত্র-ছাত্রীদের কথা ভেবে। অভিভাবক মহলের আঙ্গুল উঠেছে ডিপিএসসি চেয়ারম্যান থেকে শুরু করে অবর বিদ্যালয়ের পরিদর্শকের দিকে। ডিপিএসসি চেয়ারম্যান পরিতোষ বর্মন জানিয়েছেন বিষয়টি তাদের নজরে এসেছে। এর আগেও ঐ শিক্ষক অনেকদিন স্কুলে অনুপস্থিত থাকা সত্ত্বেও তিনি বেতন তুলে নিয়েছেন। পুরো বিষয়টি নিয়ে বিভাগীয় তদন্ত শুরু হয়েছে। স্কুলে অনুপস্থিত থাকা সত্ত্বেও কি করে তিনি বেতন তুলে নিলেন বিষয়টি দেখা হচ্ছে। আলিপুরদুয়ার জেলার বিভিন্ন মন্ডলের অনেক প্রাথমিক শিক্ষকের বিরুদ্ধে অভিযোগ রয়েছে সঠিকভাবে স্কুলে না যাওয়ার।

# গ্রামের মহিলাদের সমস্যার কথা শুনলেন জাতীয় মহিলা কমিশনের সদস্য ডাঃ অর্চনা মজুমদার



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১৯ আগস্ট :অসম বাংলা সীমানায় কুমারগ্রাম ব্লকের ভল্কা বারোবিশা দুই নম্বর গ্রাম পঞ্চায়েতের পাখরীগুড়ি গ্রামে মহিলাদের বিভিন্ন সমস্যার কথা শুনলেন জাতীয় মহিলা কমিশনের সদস্য ডাঃ অর্চনা মজুমদার। মঙ্গলবার দুপুরে তিনি এই গ্রামে আসেন। গ্রামের মহিলারা তাদের বিভিন্ন সামাজিক সমস্যার কথা তুলে ধরেন জাতীয় মহিলা কমিশনের সদস্য ডাঃ অর্চনা মজুমদারের কাছে। মহিলারা জানান তাদের মূল সমস্যা গ্রামে মাদক ব্যবসায়ীরা। গত বছর ডিসেম্বর মাসের শেষ সপ্তাহে গ্রামবাসীরা গ্রামের মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলেন। তারা মাদক ব্যবসায়ীর বাড়ি থেকে মাদক উদ্ধার ও করেন। গ্রামবাসীদের বিক্ষোভের মুখে পড়ে মাদক ব্যবসায়ী বাড়িঘর ছেড়ে পালিয়ে যান। মাস খানেক পলাতক থাকার পর গ্রামে ফিরে আসেন ও গ্রামের পুরুষ মহিলাদের বিরুদ্ধে মামলা করেন। পুনরায় শুরু করেন মাদকের ব্যবসা। মাদক বিরোধী আন্দোলন করতে গিয়ে এভাবে মামলায় জড়িয়ে পড়ে তারা আন্দোলনে উৎসাহ হারিয়ে ফেলেছেন। এই সুযোগে মাদক ব্যবসায়ীরা তাদের ব্যবসা বাড়িয়ে চলেছে । এসব শুনে ডাঃ অর্চনা মজুমদার মহিলাদের আশ্বস্ত করে জানান জাতীয় মহিলা কমিশন এই আন্দোলনকারী মহিলাদের পাশে আছে। তিনি বলেন মাদক বিরোধী আন্দোলন করতে গিয়ে মহিলা সহ গ্রামের পুরুষরা হেনস্তা হচ্ছেন পুলিশ প্রশাসনের বিষয়টি দেখা প্রয়োজন, কিন্তু বাস্তবে তা হচ্ছেনা। তিনি গ্রামের মহিলাদের অভিযোগের সপক্ষে কাগজ পত্র নিয়ে যাচ্ছেন এবং যথাসাধ্য ব্যবস্থা গ্রহনে তৎপর হবেন বলে জানান।

# উদ্ধার সাতশো বোতল নিষিদ্ধ কাশির সিরাপ, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ১৯ আগস্ট : মুর্শিদাবাদ জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও দৌলতাবাদ থানার যৌথ উদ্যোগে গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার থানা এলাকায় একটি অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালানো হয়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় তিনটি ব্যাগে রাখা সাতশো বোতল নিষিদ্ধ কাশির সিরাপ ফেন্সিডিল। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে নিষিদ্ধ কাশির সিরাপ বাজেয়াপ্ত করা হয়। ধৃতের বিরুদ্ধে দৌলতাবাদ থানায় একটি মামলা রুজু করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। এই ব্যক্তি কোথা থেকে এত নিষিদ্ধ কাশির সিরাপ সংগ্রহ করেছে তার সাথে আর কারা আছে সব তথ্যের সন্ধানে তদন্ত শুরু করেছে পুলিশ।

# কবি সুকান্ত ভট্টাচার্য্যের জন্ম শত বার্ষিকী সহ বিদ্যালয়ের রজত জয়ন্তী বর্ষের অনুষ্ঠানের উদ্বোধন করলেন মেয়র



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১৯ আগস্ট : শিলিগুড়ির কবি সুকান্ত ভভট্টাচার্য্য উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পঁচিশ বছর পুর্তি ও কবি সুকান্ত ভট্টাচার্য্য এর জন্ম শত বার্ষিকী উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন হলো মঙ্গলবার। শিলিগুড়ি পৌর নিগমের মেয়র গৌতম দেব এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। পাশাপাশি তিনি এদিন বিদ্যালয় প্রাঙ্গনে একটি বিশুদ্ধ পানীয় জলের এ টি এম উদ্বোধন করেন। কবি সুকান্ত ভট্টাচার্য্যের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে মেয়র বলেন কবি সুকান্ত ভট্টাচার্য্য ছিলেন প্রগতিশীল চেতনার কবি।তার নামাঙ্কিত স্কুলের রজত জয়ন্তী ও কবির জন্ম শত বার্ষিকী উদযাপন অনুষ্ঠানের আয়োজন করেছেন স্কুল কর্তৃপক্ষ। এই উদ্যোগকে সাধুবাদ জানান মেয়র। উপস্থিত ছিলেন এলাকার বিশিষ্টজনেরা ও বিদ্যালয় পরিচালন সমিতির সদস্যগন, ছাত্র ছাত্রী ও তাদের অভিভাবক গন। প্রধান শিক্ষক জানান অনুষ্ঠান চলবে দুদিন, বিদ্যালয়এর ছাত্র ছাত্রীরা বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবে। থাকছে প্রতিযোগিতা মূলক অনুষ্ঠান।

# রেলের জমিতে আবাস যোজনার ঘর ভাঙা পড়লো



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১৯ আগস্ট : আবাস যোজনার ঘর ভেঙ্গে দিল আরপিএফ, ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে আলিপুরদুয়ার জংশন এলাকায়। এক সময় পলিথিন দিয়ে ঘর বানিয়ে তারা থাকতেন। আবাস যোজনার ঘর পাওয়ার পর সেই ঘর তুলেছেন। রেলের জমিতে আবাস যোজনা তোলা হয়েছে তাই ভেঙে দেওয়া হয়েছে মহিলার ঘর। এদিকে রেল দপ্তরের বিরুদ্ধে আঙ্গুল তুলেছেন আলিপুরদুয়ারের বিধায়ক সুমন কাঞ্জিলাল। রেলের জমিতে আবাস যোজনা তৈরি করায় ভেঙে দেওয়া হয়েছে এটা অমানবিক কাজ বলছেন বিধায়ক।

EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |